রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ২৫, ২০১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**যোগাযোগ মন্ত্রণালয়**

**সড়ক বিভাগ**

**পরিবহন আইন ও আন্তর্জাতিক সংযোগ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১০ আষাঢ় ১৪১৯/২৪ জুন ২০১২

**নং ৩৫.০০.০০০০.০১৯.২২.০০২.১১-২২১**—সরকার ১১ জুন ২০১২/২৮ জ্যৈষ্ঠ ১৪১৯ তারিখে মোটরযানের এক্সেল লোড নিয়ন্ত্রণ কেন্দ্র পরিচালনা সংক্রান্ত নীতিমালা-২০১২ অনুমোদন করেছে।

২। জনস্বার্থে জারীকৃত এ নীতিমালা ০১ জুলাই ২০১২ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**চন্দন কুমার দে**
উপ-সচিব।



মূল্য ঃ টাকা ১২.০০

## মোটরযানের এক্সেল লোড নিয়ন্ত্রণ কেন্দ্র পরিচালনা সংক্রান্ত নীতিমালা-২০১২

উন্নত সড়ক নেটওয়ার্ক দেশের অর্থনৈতিক উন্নয়নের অন্যতম পূর্বশর্ত। দেশের প্রধান সড়কসমূহ নির্মাণ ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব যোগাযোগ মন্ত্রণালয়ের আওতাধীন সড়ক বিভাগের ওপর ন্যস্ত। গুরুত্বপূর্ণ সড়কসমূহে অতিরিক্ত ওজনের যানবাহন চলাচলের ফলে সড়ক ও সেতুসমূহ ক্রমান্বয়ে ক্ষতিগ্রস্ত হচ্ছে। ফলে সড়ক রক্ষণাবেক্ষণ খরচ বেড়ে যাচ্ছে এবং সড়কে চলাচলকারী সবাইকে ভোগান্তির শিকার হতে হচ্ছে। অনুমোদিত সীমার অতিরিক্ত ওজনের মালামাল বহনকারী যানবাহন চলাচলের কারণে যানবাহনসমূহও দ্রুত নষ্ট হয়ে যায়। তাছাড়া, এ কারণে দুর্ঘটনাও বৃদ্ধি পায়। এ পরিস্থিতি থেকে উত্তরণের জন্য সরকার সড়কে চলাচলকারী যানবাহনের জন্য এক্সেল লোডের সর্বোচ্চ সীমা নির্ধারণ করে যোগাযোগ মন্ত্রণালয় প্রজ্ঞাপন নং-আরআরডি/বিআরটিএ/ওভারলোড-৩৮/৯৬(পি ওয়ান)-৬৫৩, তারিখ: ১৬ নভেম্বর, ২০০৩ জারী করেছে, যা বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ০৫ মে, ২০০৪ তারিখে প্রকাশিত হয়েছে, যা পরিশিষ্ট-ক তে দেয়া আছে।

সড়কে চলাচলকারী যানসমূহ যাতে এক্সেল লোডের সীমা অতিক্রম না করে তা নিশ্চিত করার লক্ষ্যে যোগাযোগ মন্ত্রণালয়ের আওতাধীন সড়ক বিভাগের অধীনস্থ সড়ক ও জনপথ অধিদপ্তর দেশের বিভিন্ন স্থানে এক্সেল লোড নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপন করেছে এবং করবে। এ সকল নিয়ন্ত্রণ কেন্দ্র সুষ্ঠু পরিচালনার উদ্দেশ্যে সরকার এ নীতিমালা প্রণয়ন করল।

### ১. নীতিমালা

১.১. এ নীতিমালা মোটরযান এক্সেল লোড নিয়ন্ত্রণ কেন্দ্র পরিচালনা সংক্রান্ত নীতিমালা-২০১২ নামে অভিহিত হবে;

১.২. সরকার কর্তৃক গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে নির্ধারিত তারিখ থেকে এ নীতিমালা কার্যকর হবে; এবং

১.৩. সড়ক বিভাগের অধীনস্থ সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন সকল এক্সেল লোড নিয়ন্ত্রণ কেন্দ্র এ নীতিমালার আওতাধীন থাকবে।

### ২. উদ্দেশ্য

২.১. সড়কে চলাচলকারী মোটরযানসমূহের ধারণ ক্ষমতার অতিরিক্ত ওজনের মালামাল পরিবহন নিয়ন্ত্রণ করা;

২.২. সড়কসমূহের রক্ষণাবেক্ষণ ব্যয় যুক্তিসঙ্গত পর্যায়ে রাখা;

২.৩. সড়ক এবং যানবাহনের স্থায়িত্ব বৃদ্ধি করা; এবং

২.৪. নিরাপদ সড়ক যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলা।

## ৩. কর্তৃপক্ষ

৩.১. 'কর্তৃপক্ষ' বলতে যোগাযোগ মন্ত্রণালয়ের সড়ক বিভাগকে বুঝাবে; এবং

৩.২. সড়ক বিভাগের তত্ত্বাবধানে সড়ক ও জনপথ অধিদপ্তর এ নীতিমালা বাস্তবায়ন করবে।

## ৪. সমন্বয় কমিটি

সড়ক ব্যবহারকারী বিভিন্ন অংশীদারগণের মধ্যে অধিকতর সমন্বয়ের জন্য একটি সমন্বয় কমিটি থাকবে, যা নিম্নরূপঃ

৪.১. যোগাযোগ মন্ত্রণালয়ের সড়ক বিভাগ কর্তৃক মনোনীত যুগ্ম-সচিব বা তদূর্ধ্ব পর্যায়ের একজন কর্মকর্তা কমিটির সভাপতি হিসেবে থাকবেন;

৪.২. সড়ক ও জনপথ অধিদপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী (রক্ষণাবেক্ষণ সার্কেল/রোড সেফটি সার্কেল) কমিটির সদস্য সচিবের দায়িত্ব পালন করবেন;

৪.৩. সড়ক ও জনপথ অধিদপ্তরের সংশ্লিষ্ট সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী সদস্য হবেন;

৪.৪. স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উপ-সচিব পর্যায়ের একজন কর্মকর্তা সদস্য হবেন;

৪.৫. সেতু বিভাগের উপ-সচিব পর্যায়ের একজন কর্মকর্তা সদস্য হবেন;

৪.৬. বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষের পরিচালক পর্যায়ের একজন কর্মকর্তা সদস্য হবেন;

৪.৭. বাংলাদেশ সড়ক পরিবহন সংস্থার পরিচালক পর্যায়ের একজন কর্মকর্তা সদস্য হবেন;

৪.৮. চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের পরিচালক পর্যায়ের একজন কর্মকর্তা সদস্য হবেন;

৪.৯. মংলা বন্দর কর্তৃপক্ষের পরিচালক পর্যায়ের একজন কর্মকর্তা সদস্য হবেন;

৪.১০. হাইওয়ে পুলিশের পুলিশ সুপার পদমর্যাদার একজন কর্মকর্তা সদস্য হবেন;

৪.১১. বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন সংস্থার পরিচালক পর্যায়ের একজন কর্মকর্তা সদস্য হবেন;

৪.১২. খাদ্য অধিদপ্তরের পরিচালক পর্যায়ের একজন কর্মকর্তা সদস্য হবেন;

৪.১৩. বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের পরিচালক পর্যায়ের একজন কর্মকর্তা সদস্য হবেন;

৪.১৪. বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত পরিবহন মালিক পক্ষের একজন প্রতিনিধি সদস্য হবেন; এবং

৪.১৫. বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত পরিবহন শ্রমিক পক্ষের একজন প্রতিনিধি সদস্য হবেন।

## ৫. সমন্বয় কমিটির কার্যপরিধি

৫.১. কমিটি প্রত্যেক ক্যালেন্ডার বছরের প্রতি তিন মাসে কমপক্ষে একটি সভা করবে। তবে জরুরী প্রয়োজনে এ কমিটি যে কোন সময় সভা আহ্বান করতে পারবে;

৫.২. বিশেষ প্রয়োজনে কমিটি যে কোন কর্মকর্তা/ব্যক্তিকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করতে পারবে;

৫.৩. প্রয়োজনে সড়ক বিভাগের সম্মতি নিয়ে কোন ব্যক্তি/কর্মকর্তাকে এ কমিটি সদস্য হিসেবে কো-অপ্‌ট করতে পারবে;

৫.৪. বিভিন্ন পক্ষের মধ্যে কোন মতবিরোধ হলে তা নিরসনের জন্য কমিটি তাৎক্ষণিক উদ্যোগ গ্রহণ করবে;

৫.৫. এ নীতিমালার উদ্দেশ্য পূরণে কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের কাছ থেকে কোন অভিযোগ অথবা পরামর্শ পাওয়া গেলে কমিটি তা বিবেচনা করবে;

৫.৬. কমিটি এ নীতিমালার উদ্দেশ্য পূরণকল্পে যে কোন প্রকারের পরামর্শ/প্রস্তাব কর্তৃপক্ষের নিকট পেশ করবে; এবং

৫.৭. উপযুক্ত আদালত কর্তৃক আরোপিত কোন শাস্তির বিষয় এ কমিটির কার্যপরিধি বহির্ভূত হবে।

## ৬. এক্সেল লোড নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপন

৬.১. যোগাযোগ মন্ত্রণালয়ের সড়ক বিভাগের সম্মতি নিয়ে সড়ক ও জনপথ অধিদপ্তর প্রয়োজনীয় সংখ্যক এক্সেল লোড নিয়ন্ত্রণ কেন্দ্র সড়ক নেটওয়ার্কের কৌশলগত স্থানে স্থাপন করবে;

৬.২. এক্সেল লোড নিয়ন্ত্রণ কেন্দ্রসমূহের প্রযুক্তি বাস্তব প্রয়োজনে ভিন্ন ভিন্ন প্রকারের হতে পারবে;

৬.৩. প্রযুক্তির ভিন্নতা থাকলেও সকল কেন্দ্রের জন্য এ নীতিমালা প্রযোজ্য হবে;

৬.৪. প্রযুক্তির কারণে কোন কেন্দ্রে নীতিমালা প্রয়োগে সমস্যার সৃষ্টি হলে সমন্বয় কমিটি তা দ্রুত সমাধানের উদ্যোগ গ্রহণ করবে; এবং

৬.৫. ওজন পরিমাপক যন্ত্র স্থাপন স্থল সংলগ্ন আলাদা রুমে কম্পিউটার স্থাপন করে তথ্যাদি সংরক্ষণের ব্যবস্থা করতে হবে।

## ৭. প্রশাসনিক সহায়তা

কেন্দ্র সংশ্লিষ্ট জেলা ও উপজেলা প্রশাসন, স্থানীয় পুলিশ এবং হাইওয়ে পুলিশ কেন্দ্র পরিচালনার ক্ষেত্রে প্রয়োজনীয় সকল সহায়তা প্রদান করতে বাধ্য থাকবে। প্রয়োজনে অন্য যে কোন বিশেষ বাহিনীর সহায়তা নেয়া যাবে।

## ৮. কেপিআই (KPI) ঘোষণা

বিশেষ গুরুত্বপূর্ণ কয়েকটি এক্সেল লোড নিয়ন্ত্রণ কেন্দ্রকে KPI হিসেবে ঘোষণার উদ্যোগ গ্রহণ করা হবে।

## ৯. এক্সেল লোড পরিমাপ ও নিয়ন্ত্রণ

৯.১. সকল প্রকার মালবাহী মোটরযান লোড নিয়ন্ত্রণ কেন্দ্রের পরিমাপের আওতায় আসবে;

৯.২. এক্সেল লোড পরিমাপের ক্ষেত্রে লোড নিয়ন্ত্রণ কেন্দ্রের পরিমাপ যন্ত্রের পরিমাপই চূড়ান্ত বলে গণ্য হবে। অন্য কোন উৎস থেকে কোন সার্টিফিকেট বা ভাউচার বিবেচিত হবে না;

৯.৩. এক কেন্দ্র থেকে প্রদত্ত ওজনের সার্টিফিকেট অন্য কোন কেন্দ্রের জন্য বাধ্যতামূলকভাবে গ্রহণীয় হবে না;

৯.৪. লোড নিয়ন্ত্রণ কেন্দ্রসমূহে মালবাহী যানসমূহের জন্য লোড নিয়ন্ত্রণ তথ্যাদি সম্বলিত বোর্ড টাঙাতে হবে এবং তার রক্ষণাবেক্ষণ সড়ক ও জনপথ অধিদপ্তর করবে;

৯.৫. কোন কারণে বোর্ড না থাকলে বা বিষয়বস্তু সুস্পষ্টভাবে বোঝা বা দেখার সমস্যা হলে তাকে কোনভাবেই কেন্দ্র পরিচালনার জন্য বাধা হিসাবে গণ্য করা যাবে না;

৯.৬. মালবাহী প্রত্যেকটি যানকে নির্ধারিত লেন দিয়ে প্রবেশ করতে হবে;

৯.৭. ওজন নিয়ন্ত্রণ কেন্দ্রের নির্ধারিত লেনে না গিয়ে যে সকল মোটরযান মূল রাস্তা দিয়ে পার হবার চেষ্টা করবে বা পার হবে, সিসি ক্যামেরা/সিসি টিভি বা অন্য কোন পদ্ধতিতে তা সনাক্ত করা হবে এবং সনাক্তকৃত যানটিকে চালকসহ নিকটস্থ আইন প্রয়োগকারী সংস্থার নিকট আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য হস্তান্তর করা হবে;

৯.৮. নির্ধারিত লেনে প্রবেশের পর কেন্দ্রের কর্মীগণ যন্ত্রের মাধ্যমে প্রত্যেকটি যানের ওজনের পরিমাপ গ্রহণ করবে;

৯.৯. পরিমাপের প্রমাণপত্র মোটরযানের চালককে প্রদান করতে হবে;

৯.১০. কেন্দ্রের কর্মীগণ নির্ধারিত পদ্ধতিতে প্রত্যেকটি পরিমাপের প্রয়োজনীয় তথ্য সংরক্ষণ করবেন;

৯.১১. তথ্য সংরক্ষণের জন্য সংশ্লিষ্ট কেন্দ্রের কর্মীগণ কর্তৃক চাহিত প্রয়োজনীয় সকল তথ্য যানের চালক সরবরাহ করতে বাধ্য থাকবে;

৯.১২. চালকগণ তথ্য সরবরাহে অসহযোগিতা করলে কর্মীগণ আইন-শৃঙ্খলা বাহিনীর সহযোগিতা চাইতে পারবেন;

৯.১৩. ওভারলোডেড মোটরযানসমূহকে ফেরত পাঠানো হবে তবে অতিরিক্ত মালামাল অফলোড করে মালবাহী যানসমূহকে অনুমোদিত সর্বোচ্চ সীমার মধ্যে এনে পুনরায় একই পদ্ধতি অনুসরণ করে গন্তব্যে যেতে দেয়া যেতে পারে;

৯.১৪. প্রয়োজনে অনুমোদনের অতিরিক্ত মালামাল খালাস (Offload), নিরাপত্তা নিশ্চিতকরণ, পচনশীল মালামালের ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ অতিরিক্ত মালামালের মালিক, সংশ্লিষ্ট মোটরযানের চালক, পরিবহন এজেন্ট এবং বন্দোবস্তকারীর উপর বর্তাবে। এতে কেন্দ্র পরিচালনাকারীদের কোন দায়-দায়িত্ব থাকবে না;

৯.১৫. কোন মোটরযান অনুমোদিত ওজন সীমার অতিরিক্ত ওজন বহন করলে এবং নির্দেশ মোতাবেক ফেরত যেতে বা অতিরিক্ত মালামাল অফলোড করতে না চাইলে বা অন্য কোন নিয়ম ভঙ্গ করলে এক্সেল লোড নিয়ন্ত্রণ কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মী অতিরিক্ত মালামাল বহনকারী মোটরযানের চালক ও সহযোগিকে মোটরযানসহ সন্নিকটস্থ থানায় সোপর্দ করবে এবং মোটরযান অধ্যাদেশ ১৯৮৩ অথবা সময় সময় প্রণীত/প্রতিস্থাপিত অন্য কোন আইন অনুযায়ী এফআইআর এর মাধ্যমে মামলা দায়ের করবে;

৯.১৬. অসাধু উপায়ে যানবাহনের আকার, আয়তন ও এক্সেল লোড পরিবর্তন করে অনুমোদিত সীমার অতিরিক্ত ওজনের মালামাল বহন করা হলে এক্সেল লোড নিয়ন্ত্রণ কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মী অতিরিক্ত মালামাল বহনকারী মোটরযানের চালক ও সহযোগিকে মোটরযানসহ সন্নিকটস্থ থানায় সোপর্দ করবে ও এফআইআর এর মাধ্যমে মামলা দায়ের করবে। এ ধরনের অপতৎপরতা রোধে যানবাহন নির্মাতা ও সংযোজনকারী প্রতিষ্ঠান সহায়তা দিতে বাধ্য থাকবে।

৯.১৭. ভ্রাম্যমান আদালত কর্তব্যরত থাকলে এক্সেল লোড নিয়ন্ত্রণ কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মী যথাযথ পদ্ধতিতে ভ্রাম্যমান আদালতে মামলা রুজু করতে পারবে;

৯.১৮. ওজনের সর্বোচ্চসীমা নির্ধারণের ক্ষেত্রে সরকারী গেজেটে প্রকাশিত সর্বশেষ প্রজ্ঞাপন অনুসরণ করা হবে;

৯.১৯. কোন কারণে ওজন পরিমাপক যন্ত্র অকার্যকর থাকলে সড়ক ও জনপথ অধিদপ্তরের সহকারী প্রকৌশলী বা তদূর্ধ্ব পর্যায়ের কোন কর্মকর্তার প্রত্যক্ষ তত্ত্বাবধানে বিকল্প ব্যবস্থায় কেন্দ্র চালু রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৯.২০. প্রত্যেকটি কেন্দ্রে অভিযোগ বাক্স রাখা হবে যাতে সংক্ষুব্ধ পক্ষ লিখিতভাবে অভিযোগ দাখিল করতে পারে;

৯.২১. অভিযোগ বাক্স সংশ্লিষ্ট কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তত্ত্বাবধানে রাখা হবে যাতে কেউ অভিযোগপত্র সরাতে না পারে। অভিযোগ প্রাপ্তির ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে অভিযোগকারীর নিকট প্রাপ্তি স্বীকার করে ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে নিষ্পত্তি করতে হবে। সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী এ ব্যবস্থা নেবেন।

৯.২২. লোড পরিমাপক যন্ত্রের আওতা বহির্ভূত এলাকায় চলাচলকারী অতিরিক্ত মালবাহী সন্দেহে কোন যানকে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী বা ভ্রাম্যমাণ আদালত অগ্রায়ন করলে কেন্দ্রসমূহ তা পরিমাপে সহায়তা করবে;

৯.২৩. কেন্দ্রসমূহের পরিচালনায় দায়িত্বরত এবং সম্পৃক্ত যে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের যে কোন প্রকার অনিয়ম, বিশৃঙ্খলা ও দুর্নীতি প্রতিরোধে কর্তৃপক্ষ তাৎক্ষণিক যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবে;

৯.২৪. এক্সেল লোড নিয়ন্ত্রণ কেন্দ্রসমূহে পালনীয় পদ্ধতি সর্বসাধারণের অবগতি এবং উপলব্ধির জন্য ব্যাপক প্রচার ও প্রদর্শনসহ অন্যান্য সুবিধাজনক পদ্ধতি গ্রহণ করা হবে। এছাড়া, উপযুক্ত কোন কর্মকর্তার টেলিফোন ও মোবাইল ফোন নম্বর অভিযোগ করার জন্য প্রদর্শন করতে হবে;

৯.২৫. যানবাহনে অতিরিক্ত মালামাল বহনের ফলে দূর্ঘটনায় জান-মালের ক্ষতি এবং সড়ক, যানবাহন ও অর্থনীতির যে ক্ষতি হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলের মধ্যে সচেতনতা সৃষ্টির জন্য পরিবহন মালিক-শ্রমিকদের উদ্বুদ্ধকরণ (motivation) এবং পরামর্শ প্রদান (counselling) কার্যক্রম বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) গ্রহণ করবে।

৯.২৬. পরিবহনকারীকে Hazard and Hazardous Material পরিবহনের সময় যথাযথ ও বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে;

৯.২৭. কেন্দ্রসমূহের কার্যক্রম পরিচালনায় কোনক্রমেই যেন অন্য যানবাহন চলাচলে বিঘ্নিত না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে; এবং

৯.২৮. রাতের বেলায় Retro-reflective জ্যাকেট পরিধান করে কেন্দ্রের কর্মীগণকে দায়িত্ব পালন করতে হবে।

## ১০. বিবিধ

১০.১. সংশ্লিষ্ট সকলের সচেতনতা এবং সম্পৃক্ত বিভাগসমূহের কর্মতৎপরতা পর্যালোচনার জন্য তিন মাস অন্তর কেন্দ্রের কম্পিউটারে সংরক্ষিত তথ্যাবলী সংক্ষিপ্তাকারে প্রকাশ করা হবে;

১০.২. সড়ক ও জনপথ অধিদপ্তর কেন্দ্র পরিচালনার জন্য Web based monitoring system চালু করবে;

১০.৩. এক্সেল লোড কেন্দ্র পরিচালনার জন্য প্রয়োজনে পৃথক Enforcement Unit সৃষ্টি/ মোতায়েন করা যাবে;

১০.৪. সুষ্ঠুভাবে এক্সেল লোড কেন্দ্র পরিচালনার জন্য সমন্বয় কমিটির সুপারিশের প্রেক্ষিতে সড়ক বিভাগ প্রয়োজনে সরকারি বিধি-বিধান অনুসরণপূর্বক অপারেটর/বিশেষ বাহিনী নিয়োগ করতে পারবে;

১০.৫. স্থাপিত ওজন যন্ত্রগুলো অসৎ উদ্দেশ্য প্রণোদিত হয়ে অকেজো করে রাখা হলে এবং অনুসন্ধানে এ ধরনের অপতৎপরতা প্রমাণিত হলে দায়ীদের বিরুদ্ধে সড়ক ও জনপথ অধিদপ্তর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবে ; এবং

১০.৬. সরকার গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে যে কোন সময় এ নীতিমালা সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জন করতে পারবে।

* * *

মোঃ আবু ইউসুফ (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, অতিরিক্ত দায়িত্ব, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মে ৫, ২০০৪

Government of the People's Republic of Bangladesh
**Ministry of Communications**
**BRTA Section**

**NOTIFICATION**

Dated, the 16th November, 2003

**No. RRD/BRTA/Overload-38/96(P-1)-653**—In supersession of all previous orders in this respect, the Government has been pleased to raise the existing single load limit from 8.2 tons to 10.0 tons and to refix the maximum permissible laden/train weight limit of motor vehicles higher than 20.0 tons and the maximum permissible weight for single axle and group of axles and also the maximum permissible laden/train weight of motor vehicles or combination of vehicles (rigid or articulated) for use in Bangladesh as specified in the Annexure attached herewith, as per recommendation of the Steering-cum-Standing Committee constituted vide memo no. Sawra/BRTA/ Overload-38/96-354, dated 12-05-1998.

Provided that, if convinced, the Government may modify by an order, the heavier or lighter weight than those specified in the Annexure for a particular type of vehicle or for use in a particular area or for a particular purpose for a specified period.

By Order of the President

**Khwaja Ghulam Ahmed**
Joint Secretary.



মূল্য : টাকা ২.০০

**Annexure**

## Maximum Permissible Axle and Laden Weights Limit for Motor Vehicles

### TABLE-1

| Item | Type of Axles | Maximum Permissible Weight Limit for an Axle in Tons is |
|---|---|---|
| 1. | Steering/Single axle with 2 tyres | 5.5 |
| 2. | Single rear axle with 4 tyres | 10.0 |
| 3. | Two closely spaced axles (centre lines of axles not more than 2.5 and not less than 1.02 metres apart) with 2 tyres each. | 6.25 |
| 4. | Two closely spaced axles with 4 tyres each | 8.25 |
| 5. | Three closely spaced axles (centre lines of outermost axles not more than 3.25 metres apart) with 2 tyres each. | 4.5 |
| 6. | Three closely spaced axles with 4 tyres each | 6.5 |
| 7. | Four closely spaced axles with 4 tyres each | 5.5 |

### TABLE-2

| Item | Total Number of Axles | Type of Attachment | Distance between centre lines of foremost and rearmost axles in metres | Permissible Maximum Laden/Train Weight Limit in Tons is |
|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 |
| 1. | 2 | Rigid, single steering & one rear axle | 3 or less | 13.0 |
| 2. | 2 | Rigid, single steering & one rear axle | More than 3 | 15.0 |
| 3. | 3 | Rigid, single steering & two closely spaced rear axles. | More than 4 | 22.0 |
| 4. | 3 | Two axle prime mover and single axle trailer | More than 5 | 25.0 |

| 1 | 2 | 3 | 4 | 5 |
|---|---|---|---|---|
| 5. | 4 | Rigid, single steering & three closely spaced rear axles | More than 5 | 25.0 |
| 6. | 4 or more | Rigid, single/twin steering, single intermediate & two closely spaced rear axles | More than 7 | 30.0 |
| 7. | 4 | Articulated, 2 axle prime mover and closely spaced 2 axle trailer | More than 8 | 32.0 |
| 8. | 4 | 2 axle prime mover and 2 axle trailer not closely spaced | More than 8 | 33.0 |
| 9. | 5 | Articulated, 2 axle prime mover and closely spaced 3 axle trailer | More than 9 | 35.0 |
| 10. | 5 | Articulated, 3 axle prime mover and closely spaced 2 axle trailer | More than 10 | 38.0 |
| 11. | 6 | Articulated, 3 axle prime mover and closely spaced 3 axle trailer | More than 10 | 41.0 |
| 12. | 7 | Articulated, 3 axle prime mover and closely spaced 4 axle trailer | More than 10 | 44.0 |

Subject to the conditions specified hereinunder, the maximum weight of any of its axle or the laden/train weight of a motor vehicle (including trailer, if any) or any combination thereof, for operation on any public road or highway in Bangladesh shall not exceed the weight limits specified in the tables above for the axle or group of axles (more than one) or for the vehicle (including trailer, if any).

Provided that considering the design and its purpose of use, the Authority (BRTA) may under the conditions of a special permit to be issued by it, allow the use of a special purpose vehicle (a vehicle intended for carrying indivisible load of unusual size) on a specified route or area for specified period, if deems necessary in the interest of public service and if found safe to do so.

Provided further that the weight of any steering axle shall not be—

(i) in the case of an articulated vehicle, less than 10 percent of the sum of all axle weight of such vehicle; and

(ii) in case of two axle rigid vehicle, more than 55 percent of the single rear axle weight limit of such vehicle.

Provided further that where the distance between the centre lines falls, between any two distances herein specified in Table-2, the total weight of such group of consecutive axles shall be determined by direct proportion, and laden weight or

train weight of the said vehicle shall not exceed by more than 4500 kilograms, for every meter between the foremost and rearmost axles, and 2500 kilograms for every additional axle over 7 axles.

2. Subject to the axle weight limit specified in Table 1, the axle weight of a particular axle shall be equal to the sum of the individually permissible tyre loads (manufacturer's rating) of that axle or the maximum axle weight specified by the manufacturer, whichever is lower. The weight of any intermediate (not being foremost or rearmost) axle shall not exceed 8.25 tons.

3. Subject to the maximum axle weight and laden weight specified in the Tables above, the axle weight of a two axle rigid vehicle where the distance between the center lines of foremost and rearmost axle is less than 3 meters, shall not exceed 9.0 tons.

4. Subject to the laden weight limit specified in Table 2, the laden weight of a vehicle shall be equal to the sum of the axle weights of all the axles, or the maximum laden weight or the train weight specified by the manufacturer for the vehicle or the, vehicle combination (including trailer, if any), whichever is lower:

Provided that the maximum laden weight or the maximum train weight of a vehicle shall not exceed in case of an articulated vehicle forty-eight tons and in any other case thirty two tons:

Provided further that the maximum total weight of all trailers, whether laden or un-laden, drawn at any one time by a locomotive shall not exceed forty-eight tons.

5. The axle weight and the laden weight or the train weight limit given in the tables above shall always be subjected to the maximum limit certified by the Registering Authority in the certificate of registration of the vehicle in question.

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।